

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৪৮

১২/ জানাযা সম্পর্কিত (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১১. মৃত ব্যাক্তির কাফন প্রসঙ্গ

باب فِي كَفَنِ الْمَيِّتِ

আরবী

وَحَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، وَأَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ وَمُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ وَأَبُو كُرَيْبٍ _ وَاللَّفْظُ لِيَحْيَى قَالَ يَحْيَى أَخْبَرَنَا وَقَالَ الآخَرُونَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَة، _ عَنِ الْأَعْمَشِ، عَنْ شَقِيقٍ، عَنْ خَبَّابِ بْنِ الأَرَتِّ، قَالَ هَاجَرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي سَبِيلِ اللَّهِ نَبْتَغِي وَجْهَ اللَّهِ فَوَجَبَ أَجْرُنَا عَلَى اللَّهِ فَمِنَّا مَنْ مَضَى لَمْ عَلَى الله يَأْكُلْ مِنْ أَجْرِهِ شَيْئًا مِنْهُمْ مُصِعْبَ بُنُ عُمَيْرٍ . قُتِلَ يَوْمَ أُحُدٍ فَلَمْ يُوجَدْ لَهُ شَيْءً يُكَفَّنُ يَأْكُلْ مِنْ أَجْرِهِ شَيْئًا مِنْهُمْ مُصِعْبَ بُنُ عُمَيْرٍ . قُتِلَ يَوْمَ أُحُدٍ فَلَمْ يُوجَدْ لَهُ شَيْءً يُكَفَّنُ يَأْكُلُ مِنْ أَجْرِهِ شَيْئًا مِنْهُمْ مُصِعْبَ بُنُ عُمَيْرٍ . قُتِلَ يَوْمَ أُحُدٍ فَلَمْ يُوجَدْ لَهُ شَيْءً يُكَفَّنُ وَيِالاً نَمْرَةٌ فَكُنَّا إِذَا وَضَعَعْنَاهَا عَلَى رَأْسِهِ خَرَجَتْ رِجْلاَهُ وَإِذَا وَضَعْنَاهَا عَلَى رِجْلَيْهِ فِيهِ إِلاَّ نَمْرَةٌ فَكُنَّا إِذَا وَضَعَنَاهَا عَلَى رَأْسِهِ خَرَجَتْ رِجْلاَهُ وَإِذَا وَضَعْنَاهَا عَلَى رِجْلَيْهِ فَيهِ إِلاَّ نَمْرَةٌ فَكُنَّا إِذَا وَضَعْنَاهَا عَلَى رَأْسِهِ خَرَجَتْ رِجْلاَهُ وَإِذَا وَضَعْنَاهَا عَلَى رَأْسَهُ وَاجْعَلُوا خَرَجَ رَأْسُهُ وَالِدُ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " ضَعُوهَا مِمَّا يَلِي رَأْسَهُ وَاجْعَلُوا عَلَى رِجْلَيْهِ الإِذْخِرَ " . وَمِنَّا مَنْ أَيْنَعَتْ لَهُ ثَمْرَتُهُ فَهُو يَهْدِبُهَا .

বাংলা

২০৪৮। ইয়াহয়া ইবনু ইয়াহয়া তামিমী, আবূ বকর ইবনু আবূ শায়বা, মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু নুমায়র ও আবূ কুরায়ব (রহঃ) ... খাব্বাব ইবনু আরাত (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য আল্লাহর রাস্তায় রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে হিজরত করেছিলাম। আমাদের প্রতিদান আল্লাহর নিকট প্রাপ্য রয়েছে। আমাদের মধ্যে অনেকে বিদায় নিয়েছেন, তাঁদের প্রতিদানের প্রাপ্য তারা (দুনিয়াতে) ভোগ করেননি। এদেরই একজন হলেন, মুস'আব ইবনু উমায়র (রাঃ)।

তিনি উহুদ যুদ্ধে শহীদ হন। তাকে কাফন দেয়ার জন্য একটি ছোট চাঁদর ব্যতীত কিছু পাওয়া যায়নি। যখন আমরা চাঁদর দ্বারা তাঁর মাথা আবৃত করতাম তখন তার পা দুটি বেরিয়ে পড়ত। আর যখন তা তাঁর পায়ের উপর রাখতাম তখন তাঁর মাথা বেরিয়ে পড়ত। এতে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা চাদরখানি মাথার দিক দিয়ে রাখ এবং দু'পায়ের উপর ইযখির ঘাস দিয়ে দাও। আর আমাদের মধ্যে এমনও অনেক রয়েছে যাদের ফল পেকেছে এবং তিনি তা উপভোগ করেছেন।



English

Khabbab al-Aratt reported:

We migrated with the Messenger of Allah (ﷺ) in the path of Allah seeking Allah's pleasure alone. Thus our reward was assured with Allah. And amongst us were those who spent life (in such a state of piety and austerity) that nothing consumed their reward. Mus'ab b. 'Umair was one of them. He was killed on the Day of Uhud, and nothing but a woollen cloak was found to shroud him. When we covered his head with it, his feet became uncovered, and when we covered his feet, his head was uncovered. Upon this the Messenger of Allah (ﷺ) said: Place it (this cloak) on the side of his head and cover his feet with grass. And there is one amongst us for whom the fruit is ripened and he enjoys it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ খাব্বাব ইবনুল আরাত (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন